গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাগঞ্জ, পটুয়াখালী
www.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০১.০০১.২৪- ১২১

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## "হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নম্বর: ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ: ০৬ আশ্বিন ১৪১৮ বঙ্গাব্দ ও ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রি. হাট বাজার ইজারা পদ্ধতি নীতিমালা এবং স্মারক নম্বর: ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১৩ (অংশ-১) ৮৮ তারিখ: ১৮ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ ও ০১লা মার্চ, ২০১৬ খ্রি. সরকারি হাট বাজারসমূহ বাংলা ১৪৩১ সালের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের উদ্দেশ্যে ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তিদের নিকট থেকে নির্ধারিত ফরমে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী সম্বলিত সিডিউল ফরম অফিস চলাকালীন সময়ে ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মির্জাগঞ্জ ৩। উপজেলা ভূমি অফিস, মির্জাগঞ্জ ৪। অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা ৫। সোনালী ব্যাংক লিমিটেড, সুবিদখালী শাখা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত সংগ্রহ করা যাবে। সীলমোহরকৃত দরপত্র নির্ধারিত তারিখে ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মির্জাগঞ্জ ৩। উপজেলা ভূমি অফিস, মির্জাগঞ্জ ৪। পুলিশ সুপার, পটুয়াখালী এর কার্যালয়ে সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে এবং ঐ দিন ৪:০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) অত্র কার্যালয়ে দরপত্র খোলা হবে। প্রথম তারিখে কোন হাট বাজারের কাঙ্খিত মূল্য পাওয়া না গেলে পরবর্তী তারিখ সমূহে ইজারার কার্যক্রম অব্যাহত থাকবে।

| ক্র. নং | হাট বাজারের নাম | অবস্থান (ইউনিয়ন) | বাংলা ১৪৩১ সালের ইজারার সম্ভাব্য সরকারি মূল্য | অফেরত যোগ্য প্রতিসেট দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | কাঠালতলী হাট | মাধবখালী | ৯৪৬৯৬৯ | ২৬০০ |
| ০২ | চৈতা হাট | | ৬৭২৭৪৭ | ২০০০ |
| ০৩ | শিপুর হাট | | ১২৯৮৫ | ৫০০ |
| ০৪ | নিউমার্কেট হাট | | ১৬৫৪০ | ৫০০ |
| ০৫ | ভিকাখালী হাট | মির্জাগঞ্জ | ৬৪৪১৩ | ৫০০ |
| ০৬ | মনোহরখালী ফেরীঘাট সংলগ্ন গো হাট | | ৭৮৬১৭ | ৫০০ |
| ০৭ | মির্জাগঞ্জ হাট | | ২৬৪৪১৭ | ১২০০ |
| ০৮ | মহিষকাটা হাট | আমড়াগাছিয়া | ৭৮৭৭৯১ | ২২০০ |
| ০৯ | শ্রীনগর হাট | | ৬৫৮৩ | ৫০০ |
| ১০ | আমড়াগাছিয়া হাট | | ৪৯৭১৪ | ৫০০ |
| ১১ | সুবিদখালী হাট | দেউলী সুবিদখালী | ৬৭৯৬৭২০ | ১৪২০০ |
| ১২ | সুবিদখালী গো হাট | | ৮৬২১৩৩ | ২৪০০ |
| ১৩ | দেউলী হাট | | ৯৭১৮৬১ | ২৬০০ |
| ১৪ | দেউলী গো হাট | | ৩৪৫৫৭৭৭ | ৭৬০০ |
| ১৫ | কাকড়াবুনিয়া হাট | কাকড়াবুনিয়া | ৪৭৯২৯৭ | ১৬০০ |
| ১৬ | পাবুয়া হাট | | ১৩৭০৯৭ | ১০০০ |
| ১৭ | ভয়াং টোলবাজার | মজিদবাড়িয়া | ৪৭২৭৬০ | ১৬০০ |
| ১৮ | ভয়াং গো হাট | | ৮৪০৯৩ | ৫০০ |
| ১৯ | খলিশাখালী হাট | | ১২৮৩০১ | ১০০০ |

দরপত্র সিডিউল ক্রয়, দরপত্র দাখিলের তারিখ ও খোলার সময়

| ১ম বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ | ১ম বার দরপত্র ফরম দাখিল ও খোলার তারিখ এবং সময় | ২য় বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ | ২য় বার দরপত্র ফরম দাখিল ও খোলার তারিখ এবং সময় | ৩য় বার দরপত্র ফরম ক্রয়ের তারিখ | ৩য় বার দরপত্র ফরম দাখিল ও খোলার তারিখ এবং সময় |
|---|---|---|---|---|---|
| ১৮-০২-২০২৪ হতে ০৩-০৩-২০২৪ পর্যন্ত অফিস কালীন সময় | ০৪-০৩-২০২৪ সকাল ১০:০০ টা থেকে দুপুর ০১:০০ টা পর্যন্ত রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল এবং দরপত্র বাক্স খোলা বিকাল ৪.০০টা | ০৫-০৩-২০২৪ হতে ১১-০৩-২০২৪ পর্যন্ত অফিস কালীন সময় | ১২-০৩-২০২৪ সকাল ১০:০০ টা থেকে দুপুর ০১:০০ টা পর্যন্ত রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল এবং দরপত্র বাক্স খোলা বিকাল ৪.০০টা | ১৩-০৩-২০২৪ হতে ১৯-০৩-২০২৪ পর্যন্ত অফিস কালীন সময় | ২০-০৩-২০২৪ সকাল ১০:০০ টা থেকে দুপুর ০১:০০ টা পর্যন্ত রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল এবং দরপত্র বাক্স খোলা বিকাল ৪.০০টা |

<u>হাট বাজার ইজারার দরপত্র দাখিলের শর্তাবলী:</u>

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ তারিখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায়, দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট/বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা ইজারা গ্রহণকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ২য় দফায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। প্রথম তারিখে কোন হাট বাজারেরর কাঙ্খিত দর না পাওয়া গেলে পরবর্তী তারিখ সমূহে ইজারার কার্যক্রম অব্যাহত থাকবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্রের, সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র ফরম অন্য দফায় অন্তর্ভুক্ত হাটবাজারের দরপত্র ফরম হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। বন্ধ খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্তলঙ্ঘন করা হয়, তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা বা কাটাকাটি দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। ইজারাদার সরকারের অন্যান্য কর (যদি থাকে) পরিশোধ করতে বাধ্য হবে।

সাইয়েমা হাসান
উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী
ফোন: +৮৮০২৪৭৮৮২২৬৯
e-mail: unomirzagonj@gmail.com

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০১.০০১.২৩- ১২১ | তারিখ: ০২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ,পটুয়াখালী।

০৩-০৮। চেয়ারম্যান, মাধবখালী/মির্জাগঞ্জ/ আমড়াগাছিয়া/দেউলী সুবিদখালী/কাকড়াবুনিয়া/মজিদবাড়িয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী (বিজ্ঞপ্তিটি স্থানীয়ভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৯। সম্পাদক, দৈনিক ............................................................(বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে তার পত্রিকায় ০২ (দুই) কলামে একদিন বহুল প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১০-১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, আমড়াগাছিয়া/সুবিদখালী/পাবুয়া/মজিদবাড়িয়া ইউনিয়ন ভূমি অফিস, মির্জাগঞ্জ, পটুয়াখালী (বিজ্ঞপ্তিটি স্থানীয়ভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১৫/০২/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী